গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ইসলামিক ফাউন্ডেশন
সমন্বয় বিভাগ

**স্মারক নম্বর:** ১৬.০১.০০০০.০০০.০০৫.৩৩.০০০১.২০.৫৫

তারিখ: ২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ১৪৪৮ হিজরি সনের পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষ্যে অনুষ্ঠানমালা বাস্তবায়ন।**

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে আগামী ২৬ আগস্ট ২০২৬ বুধবার সারাদেশে ১৪৪৮ হিজরি সনের পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উদযাপিত হবে। গত ১৩ আগস্ট ২০২৬ তারিখ অনুষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশনের ২১৭তম মাসিক সমন্বয় সভায় পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উদযাপন উপলক্ষ্যে বিভাগীয় ও জেলা কার্যালয় কর্তৃক বাস্তবায়নের জন্য নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হয় :

| ক্রম | কর্মসূচি | বিবরণ | বাস্তবায়নের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | জাতীয় পতাকা উত্তোলন | ১৪৪৮ হিজরি সনের পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মোকাররম কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল ইউনিটে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | ২৬ আগস্ট ২০২৬ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত |
| ০২ | আলোচনা সভা/ ওয়াজ মাহফিল | ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে আলোচনা সভা আয়োজন করতে হবে। | ২৬ আগস্ট ২০২৬ |
| ০৩ | ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষ্যে সকল বিভাগীয় ও জেলা কার্যালয়ে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করতে হবে। | পবিত্র রবিউল আউয়াল মাসে |
| ০৪ | উদ্বোধনকৃত মডেল মসজিদসমূহে আলোচনা সভা আয়োজন | আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুসারে, পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উপলক্ষ্যে উদ্বোধনকৃত মডেল মসজিদসমূহে নিজস্ব ব্যবস্থাপনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। মসজিদের সম্মানিত খতিবগণ সুবিধাজনক সময়ে মুসল্লিদের সম্মুখে নবীজী (সা)-এর জীবনীর ওপর আলোকপাত করবেন। | ২৬ আগস্ট ২০২৬ |

২। উপর্যুক্ত কর্মসূচি নিম্নরূপ বাজেট ও নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বাজেট বরাদ্দ**

| ক্রম | ব্যয় বিবরণ | একক বাজেট বরাদ্দ |
|---|---|---|
| ০১ | আলোচনা সভা বাস্তবায়ন | প্রতি জেলার জন্য ৫,০০০/- টাকা |
| ০২ | ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন | প্রতি জেলার জন্য ৮,০০০/- টাকা |

**নির্দেশনাসমূহ**

ক) স্থানীয় বিভাগীয়/জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভাগীয়/জেলা কার্যালয় কর্তৃক কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।
খ) যাবতীয় আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণপূর্বক বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রাখতে হবে।
গ) অনুষ্ঠানে বিভাগীয়/জেলা কার্যালয় ও ইমাম প্রশিক্ষণ একাডেমির সকল কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
ঘ) বাস্তবায়িত অনুষ্ঠানমালার সচিত্র সংবাদ স্থানীয় গণমাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ঙ) অনুষ্ঠান বাস্তবায়নান্তে বিস্তারিত বিবরণসহ সচিত্র প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে।

১৭-০৮-২০২৬
মোঃ মহিউদ্দিন
পরিচালক
ফোন : ০২২২২২১৮২৮১
ইমেইল : ifcoordination1975@gmail.com


বিতরণ : সদয় কার্যার্থে-

১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন।
২। উপ-পরিচালক, জেলা কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন।

**স্মারক নম্বর:** ১৬.০১.০০০০.০০০.০০৫.৩৩.০০০১.২০.৫৫/১ (৩)

তারিখ: ২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১। সচিব, ইসলামিক ফাউন্ডেশন।
২। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন।
৩। মহাপরিচালকের একান্ত সচিব, ইসলামিক ফাউন্ডেশন।



১৭-০৮-২০২৬
মোহাম্মদ নিজাম উদ্দিন
উপপরিচালক